

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.০০১.১৭-২৫২

তারিখ: ০৪ পৌষ, ১৪২৬ ব:  
১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রি:

বিষয়: ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন পাঁচপাখিয়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসা এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাবের ১(ট) বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: টিএমইডির স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০১.১১৬.১৭.৫২, তারিখ: ১৬/০১/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ অফিস আদেশমূলে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন পাঁচপাখিয়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসা এর সহকারী শিক্ষক জনাব মো: আতাহার হোসেন এর বিরুদ্ধে TMED কর্তৃক DG, DME বরাবর পত্রের নির্দেশনা অনুযায়ী কম্পিউটার সনদ জালিয়াতির জন্য নিম্নোক্ত বিষয়গুলির গৃহীত ব্যবস্থার তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ১৩/০১/২০১৯ খ্রি: তারিখের মধ্যে TMED-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- এমপিও সীট থেকে সহকারী শিক্ষক, জনাব মো: আতাহার হোসেন এর নাম কর্তন করা হয়েছে কিনা;
- সহকারী শিক্ষক, জনাব মো: আতাহার হোসেন কর্তৃক গৃহীত ৬,৭৫,২৪৭/- (ছয় লক্ষ পঁচাত্তর হাজার দুইশত সাতচল্লিশ) টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে কিনা;
- সহকারী শিক্ষক, জনাব মো: আতাহার হোসেন এর বিরুদ্ধে ফৌজদারী মামলা রুজু করা হয়েছে কিনা ;
- সহকারী শিক্ষক, জনাব মো: আতাহার হোসেনকে চাকুরি হতে বহিস্কার করা হয়েছে কিনা ।

৩৪৭;

(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)  
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার  
লেভেল-৩, ৩৭/৩/এ  
ইসকাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.০০১.১৭-২৫২

তারিখ: ০৪ পৌষ, ১৪২৬ ব:  
১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৫। অধ্যক্ষ, পাঁচপাখিয়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসা, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৬। অতিরিক্ত সচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮-৯। অফিস কপি/মাস্টার কপি।

  
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)